সংবাদ

তারিখ ... 10 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ... ৪

# গাজীপুরে ঝরে পড়া শিশুদের শিক্ষা সহায়তা কর্মশালা

**প্রতিনিধি, গাজীপুর**

রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্পের আওতায় আরবান স্লাম চিলড্রেন এডুকেশ প্রোগ্রাম বিষয়ক এক কর্মশালা গত বৃহস্পতিবার গাজীপুর জেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। দেশের সকল শিশুর মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষার মূল ধারার পাশাপাশি দেশের ১১টি সিটি কর্পোরেশনের বিভিন্ন বস্তিতে বসবাসকারী ঝরে পড়া ও অতিদরিদ্র শিশুদের শিক্ষায় ২য় সুযোগ প্রদানের জন্য এ কর্মশালার আয়োজন করা হয়। এখানে সোস্যাল এন্ড ইকোনোমিক ইনহেন্সম্যান্ট প্রোগ্রাম (সিপ) প্রোগ্রামের আয়োজিত অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রস্ক প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. এম মিজানুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন মোঃ নুরুজ্জামান মল্লিক, গাজীপুর সিটি কর্পোরেশনের কাউন্সিলর মোঃ আতাউর রহমান, সাহিদা বেগম, মোঃ জগলুল হায়দার,তহমিনা জেসমিন মিতা, বজলুর রশীদ প্রমুখ। সরকারের এই প্রকল্প ওয়ার্ল্ড ব্যাংক ও সেভ দ্যা চিলড্রেন-এর অর্থায়নে বাস্তবায়ন করা হচ্ছে।